



# শহীদ কর্নেল কাজী এমদাদুল হক পাবলিক স্কুল

বিজিবি, সেক্টর সদর দপ্তর, সপুরা-৬২০৩, বোয়ালিয়া-১০০১, রাজশাহী-১০। ফোন: ০৭২১-৭৬১২৭০

Website: www.bgbschoolraj.edu.bd Email: raj.bgbs.school@gmail.com

EIIN-136743

স্মারক নং : শ.ক.কা.এ.হ.পা.স্কুল. ২২/

তারিখ : ১১ সেপ্টেম্বর ২০২২

## এসএসসি-২০২২ পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলি:

১. হাতের লেখা সুষ্ঠু ও সুন্দর যেন হয়। অযথা কাটাকাটি করবে না।
২. সৃজনশীল প্রশ্নের উত্তর নিয়মানুযায়ী প্রতিটি ধাপ সঠিকভাবে লিখবে।
৩. পরীক্ষার হলে যেন সময়ের মধ্যেই তোমার লেখা শেষ করতে পারো সেদিকে নজর দিতে হবে।
৪. পরীক্ষার উত্তরপত্রের বিভিন্ন অংশ যত্নসহকারে পূরণ করবে।
৫. প্রশ্নপত্র হাতে পাওয়ার পর ধীরস্থিরভাবে বহুনির্বাচনি অংশ পূরণ করবে।
৬. তোমাদের উত্তরপত্র পূরণ করার সময় মনোযোগসহকারে বৃত্ত ভরাট পূরণ করবে।
৭. পরীক্ষা হলে কমপক্ষে ৩০ মিনিট পূর্বে অর্থাৎ ১০টা ৩০ মিনিটের মধ্যে উপস্থিত হতে হবে।
৮. সেট কোড, রেজিস্ট্রেশন ও রোল নম্বর সঠিকভাবে পূরণ করবে।
৯. উত্তরপত্রে ওপরে দেড় ইঞ্চি ও বামে এক ইঞ্চি মার্জিন দিবে।
১০. বহুনির্বাচনি উত্তরপত্রে কোনো কাটাকাটি বা ঘষামাজা করা যাবে না। একটি বৃত্ত ভরাট করে কেটে আবার আরেকটি বৃত্ত ভরাট করা যাবে না।
১১. স্কুলের নির্ধারিত পোশাকে পরীক্ষা হলে উপস্থিত হবে।
১২. পরীক্ষার হলে কক্ষ পরিদর্শকদের সঙ্গে সর্বদা শ্রদ্ধাসুলভ আচরণ করবে।
১৩. পরীক্ষার কেন্দ্রে যাওয়ার আগে জেনে নাও প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, ফরম, পেনসিল, ইরেজার, স্কেল সঠিকভাবে নিয়েছ কিনা।
১৪. একটি প্রশ্নের উত্তর লেখা শেষ হওয়ার পর কমপক্ষে এক ইঞ্চি বা দেড় ইঞ্চি জায়গা খালি রেখে প্রশ্নের উত্তর লেখা শুরু করবে।
১৫. মার্জিনের বাইরে যাতে কোনো উত্তর না যায়, সেদিকে খেয়াল রাখবে।
১৬. লেখার কোনো অংশ কাটতে হলে তা একটানে কাটবে।
১৭. সৃজনশীল প্রশ্নের নম্বর সঠিকভাবে লেখাটি জরুরি। যেমন; ২ নম্বর প্রশ্নের উত্তর (ক)
১৮. রাত জাগবে না। অন্তত সাত-আট ঘণ্টা নিশ্চিত ঘুম এবং সকালে নির্মম বাতাসে হালকা শরীরচর্চা মেধার বিকাশে সাহায্য করে। তোমাদের সবার পরীক্ষা ভালো হোক। এটি আমাদের আন্তরিক কামনা।

মো. আরিফ সেলিম রেজা  
প্রধান শিক্ষক